# উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : অমিত রায়
উপজেলা নির্বাহী অফিসার,
ও
প্রশাসক,
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা,
হাকিমপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ,
হাকিমপুর, দিনাজপুর।

সময়ঃ বেলা ১১.০০টায়

তারিখ : ২৬/০৯/২০২৪ খ্রিঃ

**উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট "ক"তে, এবং অনুপস্থিত সদস্যগণের নাম পরিশিষ্ট "খ" তে, দেখানো হলো।**

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব অমিত রায়, উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর। সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য দিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৪ মাসের মাসিক সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সভার পরবর্তী কার্যক্রম আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করেন। প্রশাসক গত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান। সভায় আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অন্যান্য আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য বিষয় :

১. বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. বিবিধ

আলোচনা ও সিদ্ধান্ত :

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ডাক্তার স্বল্পতার কারণে রোগিদের সেবা প্রদানে কিছুটা বিঘ্ন হচ্ছে। বর্তমানে উপজলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী ভর্তির হার অন্যান্য সময়ের তুলনায় অনেক বেশি। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাকিমপুরকে অনুরোধ করা হলো। | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** |
| ৩. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রোপা আমন মৌসুমে আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে- ৮১১৭ হেক্টর। তবে এ উপজেলায় লক্ষ্যমাত্রার চেয়ে বেশি আবাদ হয়েছে। এছাড়াও উপজেলা কৃষি অফিসের দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তবে উপজেলা প্রাণিসম্পদ অফিসে হাকিমপুর পৌরসভা কর্তৃক সরবরাহকৃত ডাস্টবিনটি নিয়মিত পরিস্কার করার জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৫. | হাকিমপুর থানা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ হাকিমপুর থানা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য অফিসার ইনচার্জ, হাকিমপুর থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ, হাকিমপুর |
| ৬. | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, গত ২৯ আগস্ট ২০২৪ তারিখে ২৮৫ (দুইশত পঁচাশি) কেজি পোনা মাছ ০৬টি জলাশয়ে অবমুক্ত করা হয়। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক বিধবা এবং প্রতিবন্ধি ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন এর কাজ চলমান রয়েছে। আগামী ০১/১০/২০২৪ খ্রি: তারিখে শেষ হবে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং উপজেলা সমাজসেবা অধিদপ্তর হতে ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা পাওয়া গেছে। উক্ত টাকা দিয়ে আগামী মাসে ০৩টি গরু ক্রয় | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করে তিনটি পরিবারের মাধ্যে বিতরণ করা হবে। | | |
| ৮. | উপজেলা প্রকৌশলী | ১.১ উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উপজেলা প্রকৌশলী কর্তৃক ১০% কমে কাজ করার বিধান রয়েছে। ইতোপূর্বে টেন্ডার প্রক্রিয়ার সময় প্রথমে ৫% বরাদ্দ যোগ করে টেন্ডার দেওয়া হয়েছিল। পরবর্তীতে পুনরায় ভূল বশত অবশিষ্ট ৫% এর পরিবর্তে ১০% টাকা দিয়ে আরএফকিউ এর মাধ্যমে চারটি প্রকল্প গ্রহণ করা হয়েছিল। প্রকল্প গুলো হচ্ছে ১. নন্দিপুর বিলকিসের বাড়ী থেক দরগার পাড় পর্যন্ত রাস্তা সলিং বাবদ = ১,২০,০০০/- (এক লক্ষ কুড়ি হাজার) টাকা, ২. বিশাপাড়া বদিউজ্জামেনের বাড়ী হতে আপেলের বাড়ী পর্যন্ত রাস্তা ডাবল সলিং = ১,০০,০০০/- টাকা, ৩. হরিহরপুর গ্রামের জাংগই যাওয়ার রাস্তার মুখে ড্রেণ নির্মাণ= ১,৩৫,০০০/- (এক লক্ষ পয়ত্রিশ হাজার)টাকা এবং কেন্দ্রীয় ভাবে খেলার সামগ্রী বিতরণ= ১,৬০,০৪৪/- (এক লক্ষ ষাট হাজার চৌয়াল্লিশ) টাকা। পরবর্তীতে পর্যালোচান্তে বিষয়টি পরিলক্ষত হয়। তখন চারটি প্রকল্পের মধ্যে **দুইটি প্রকল্প যেমন নন্দিপুর বিলকিসের বাড়ী থেক দরগার পাড় পর্যন্ত রাস্তা সলিং এবং কেন্দ্রীয় ভাবে খেলার সামগ্রী** ধরে সভার কার্যবিবরণী সংশোধন করার আলোচনা করা হয়। অপরদিকে আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরে সমপরিমান টাকা ধরে **বিশাপাড়া বদিউজ্জামেনের বাড়ী হতে আপেলের বাড়ী পর্যন্ত রাস্তা ডাবল সলিং এবং হরিহরপুর গ্রামের জাংগই যাওয়ার রাস্তার মুখে ড্রেণ নির্মাণ** এর কাজ করার প্রস্তাব উপস্থাপন করা হয়।<br><br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে উপজেলা প্রশাসনিক ভরন হতে "মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ প্রকল্পে" আওতায় উপজেলা স্মৃতিসৌধের আরসি সংযোগ সড়ক নির্মাণের জন্য ঠিকাদার নিয়োগ করা হলেও উক্ত সংযোগ সড়কে একটি রুগ্ন ও ঝুঁকিপূর্ণ ইউক্যালিপটাস গাছ রয়েছে। উক্ত গাছ কর্তনের জন্য গত ০১ আগস্ট ২০২৪ তারিখে ২৩/হাকিম-১৭ নম্বর স্মারকে ১৯,৯৯২/- (উনিশ হাজার নয়শত বিরানব্বই) টাকা মূল্য নির্ধারণ করে বন কর্মকর্তা, হাকিমপুর হতে পত্র প্রেরণ করেছেন। উক্ত গাছটি বিধি মোতাবেক কর্তন করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন।তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** ১.১ চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুরকে অনুরোধ করা হলো এবং আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরে সমপরিমান টাকা ধরে বিশাপাড়া **বদিউজ্জামেনের বাড়ী হতে আপেলের বাড়ী পর্যন্ত রাস্তা ডাবল সলিং এবং হরিহরপুর গ্রামের জাংগই যাওয়ার রাস্তার মুখে ড্রেণ নির্মাণ** এর কাজ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্ত:** ১.২ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে উপজেলা প্রশাসনিক ভবন হতে "মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ প্রকল্পে" আওতায় উপজেলা স্মৃতিসৌধের আরসি সংযোগ সড়ক নির্মাণের জন্য ঠিকাদার নিয়োগ করা হলেও উক্ত সংযোগ সড়কে একটি রুগ্ন ও ঝুঁকিপূর্ণ ইউক্যালিপটাস গাছ রয়েছে। উক্ত গাছ কর্তনের জন্য গত ০১ আগস্ট ২০২৪ তারিখে ২৩/হাকিম-১৭ নম্বর স্মারকে ১৯,৯৯২/- (উনিশ হাজার নয়শত বিরানব্বই) টাকা মূল্য নির্ধারণ করে পত্র প্রেরণ করেছেন। বিষয়টি আলোচনান্তে অনুমোদিত হয় এবং উক্ত গাছটি বিধি মোতাবেক কর্তনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |
| ৯. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় সভায় জানান যে, অন্তর্বর্তীকালীন সরকার দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কমিটি ভেঙ্গে দিয়ে ০৪ (চার) সদস্যের এডহক কমিটি গঠনের নির্দেশনা দিয়েছেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০. | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অন্তর্বর্তীকালীন সরকার দেশের সকল মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসার উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর কমিটি ভেঙ্গে উপজেলা নির্বাহী অফিসারকে কমিটির সভাপতি নির্বাচন করেছেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগ/দপ্তরের অন্যান্য সকল প্রকার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায় এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকল্প | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম | |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন অফিস | বছরে যে সমস্ত ইউজিপি রাস্তায় সংস্কার করা হবে। উক্ত রাস্তার তালিকা জেলা প্রশাসক, দিনাজপুর বরাবরে প্রেরণ করতে হবে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরে ইজিপিপি প্রস্তাবিত রাস্তার তালিকা জেলা প্রশাসক বরাবরে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অফিস | উপজেলা জন স্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহের ন্যায় হাকিমপুর উপজেলায় মোট ৭৮ টি সাবমারসিবল বসানোর কাজ শেষ হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা জন স্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫. | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার ৫৫টি সমিতির অডিটসহ অন্যান্য সকল কার্যক্রম ইতোপূর্বে সম্পন্ন করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭. | উপজেলা বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে , তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার হাকিমপুর, দিনাজপুর, এ উপজেলায় টেন্ডারের মধ্যেমে গাছ কর্তনের সমাপনি প্রতিবেদন আগামী ১০ কার্যদিবসের মধ্যে দেওয়ার জন্য অনুরোধ করেন। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য এবং এ উপজেলায় টেন্ডারের মধ্যেমে গাছ কর্তনের সমাপনি প্রতিবেদন আগামী ১০ কার্যদিবসের মধ্যে দেওয়ার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮. | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে গত ২০১৩ খ্রি: হতে ২০২৪ খ্রি: পর্যন্ত টেলিফোন বকেয়া দেখাচ্ছে। কিন্তু টেলিফোন সচল নাই এবং বিটিসিএল থেকে টেলিফোন ঠিক করার কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২০. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিত অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ২১. | উপজেলা আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, শারদীয় দূর্গাপূজা-২০২৪ পালন উপলক্ষ্যে আগামী ৩০/০৯/২০২৪ খ্রি: তারিখের পূর্বে আনসার পুরষ ও মহিলা বাছাই করা হবে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ২২. | উপজেলা আইসিটি কর্মকর্তা | আইসিটি কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলার সকল কর্মকর্তার/কর্মচারীদের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করার জন্য সভায় অবহিত করেন। তাঁর অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** উপজেলার সকল ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আইসিটি অফিসার প্রয়োজনীয় অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি অফিসার হাকিমপুর |
| ২৩. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :**চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর কে অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৪. | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | তথ্য আপা অফিস | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য তথ্য আপা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা |
| ২৬. | সহকারী প্রকৌশলী BMDA | উপজেলা সহকারী প্রকৌশলী বিএমডিএ জানান, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য সহকারী প্রকৌশলী, বিএমডিএকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, BMDA |
| ২৮. | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধিকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৭. | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, হাকিমপুর দিনাজপুর, সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার হাকিমপুরকে অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| ২৯. | সেটেলমেন্ট অফিস | উপজেলা সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় দীর্ঘদিন হতে সেটেলমেন্ট অফিসে আপিল শুনানীর জন্য কর্মকর্তা না থাকায় ভুমি জরিপে আপিল বিভাগের সকল কার্যক্রম ব্যহত হচ্ছে। তাই তিনি উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তাকে এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে সেটেলমেন্ট অফিসে আপিল শুনানীর জন্য একজন কর্মকর্তাকে দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্ররনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর |
| ৩০. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ অফিস | সহকারী জেনারেল ম্যানেজার এর প্রতিনিধি পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি এরিয়া সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনর্চাজ হিলি এরিয়া হাকিমপুরকে অনুরোধ করা হলো। | পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনর্চাজ হিলি এরিয়া। |
| ৩১. | ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের বকেয়া বেতন ভাতা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, দাফাদার, ১নং খট্টামাধবপাড়া ইউনিয়ন পরিষদ আবেদনের মাধ্যেম জানান যে, গ্রাম পুলিশের বেতনভাতা গত জুলাই ২০২৪ তারিখ হতে সেপ্টেম্বর ২০২৪ ইউপি পর্যন্ত ইউপি অংশের বেতন বকেয়া রয়েছে। উক্ত চারমাসে বকেয়া ৩,৪২,০০০/- (তিন লক্ষ বিয়াল্লিশ হাজার) এবং থানা হাজিরা গত অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত বারো মাসে বকেয়া ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা। ইউপি অংশের বেতন ও থানা হাজিরায় সর্বমোট ব্যয় হবে ৩,৪২,০০০+৩,৬০,০০০= ৭,০২,০০০/- (সাত লক্ষ দুই হাজার) টাকা। উক্ত টাকা পরিশোধের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা হতে ২৩ নভেম্বর ২০২৩ তারিখের ৫২৯ নম্বর স্মারকে প্রজ্ঞাপন অনুযায়ী হাট বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হতে প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল নির্দেশিকা -২০২০ এর ক্রমিক -৪ নির্দেশিকা অনুযায়ী ব্যয়সীমার অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন হলে অথবা বর্নিত (ক্রমিক নং ৩- এর ক-ম) পর্যন্ত খাতের বাহিরের খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার বিধান থাকায় উপস্থিত সকল সদস্যগণ এই বিষয়ে ইতিবাচক পদক্ষেপ নেওয়ার জন্য একমত হন এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের প্রস্তাব পেশ করেন। | **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে গ্রাম পুলিশের বেতনভাতা গত জুলাই ২০২৪ তারিখ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ইউপি অংশের বেতন বকেয়া রয়েছে। উক্ত চারমাসে ব্যয় হবে = ৩,৪২,০০০/- (তিন লক্ষ বিয়াল্লিশ হাজার) এবং থানা হাজিরা গত অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ব্যয় হবে = ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা। বেতন ও থানা হাজিরায় সর্বমোট ব্যয় হবে ৩,৪২,০০০+৩,৬০,০০০= ৭,০২,০০০/- (সাত লক্ষ দুই হাজার) টাকা। উক্ত টাকা পরিশোধের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা হতে ২৩ নভেম্বর ২০২৩ তারিখের ৫২৯ নম্বর স্মারকে প্রজ্ঞাপন অনুযায়ী হাট বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হতে প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল নির্দেশিকা -২০২০ এর ক্রমিক -৪ নির্দেশিকা অনুযায়ী ব্যয়সীমার অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন হলে অথবা বর্নিত (ক্রমিক নং ৩- এর ক-ম) পর্যন্ত খাতের বাহিরের খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২. | ঝাড়ুদাড় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের অস্থায়ী কর্মচারী দীর্ঘদিন হতে ঝাড়ুদারের দায়িত্ব পালন করেন। তিনি বেতন বৃদ্ধির জন্য একাধিক বার মৌখিক আবেদন কারেন। দ্রব্যমূল্য উর্ধ্বগতি হওয়ার প্রক্ষিতে তার মাসিক বেতন/ভাতা = ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকার পরিবর্তে ৬০০০/- (ছয় হাজার) টাকা নির্ধারণের জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রব্যমূল্য উর্ধ্বগতি হওয়ার প্রক্ষিতে উপজেলা পরিষদের অস্থায়ী কর্মচারী এর মাসিক ভাতা/বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা নির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, হাকিমপুর উপজেলা পরিষদ |
| ৩৩. | মো: মোস্তাক মীর , গাড়ী চালক , উপজেলা পরিষদ, হাকিমপুর এর উচ্চতর গ্রেড সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলা পরিষদের কর্মরত জনাব মো: মোস্তাক মীর, গাড়ী চালক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর এর চাকুরিকাল গত ০৩/১১/২০২২ খ্রি: তারিখে ১০ (দশ) বছর পুর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেন। এস,আর,ও নং ৩৭০ আইন/জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুচ্ছেদ ০৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৯/২০১৬ খ্রি: তারিখের ০৭.০০.০০০.১৬১.০০.০০২. ১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপাঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে চাকুরিকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১ (এগার) তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন ভাতা প্রাপ্য হবেন। সে মোতাবেক উক্ত কর্মচারীকে গত ০৩/১১/২০২২ খ্রি: তারিখ হতে উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাঁকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদান পূর্বক ৯,৩০০-২২৪৯০/- টাকা ১৬তম হতে ৯৭০০-২৩৪৯০/-১৫তম গ্রেডে প্রদান করার বিষয়ে সভায় প্রস্তাব পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনার পর এ উপজেলা পরিষদের কর্মরত জনাব মো: মোস্তাক মীর, গাড়ী চালক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর এর চাকুরিকাল গত ০৩/১১/২০২২ খ্রি: তারিখে ১০ (দশ) বছর পুর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেন। এস,আর,ও নং ৩৭০ আইন/জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুচ্ছেদ ০৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৯/২০১৬ খ্রি: তারিখের ০৭.০০.০০০. ১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপাঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে চাকুরিকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১ (এগার) তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন ভাতা প্রাপ্য হবেন। সে মোতাবেক উক্ত কর্মচারীকে গত ০৩/১১/২০২২ খ্রি: তারিখ হতে উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাঁকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদান পূর্বক পূর্বক ৯,৩০০-২২৪৯০/- টাকা ১৬তম হতে ৯৭০০-২৩৪৯০/-১৫তম গ্রেডে বেতন ভাতা প্রদান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| ৩৪. | গাড়ী চালক এর ভবিষ্য তহবিল সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের কর্মচারী জনাব মো: মোস্তাক মীর, গাড়ী চালক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর। তিনি উপজেলা পরিষদ কমূচালী (চাকুরী) বিধিমালা ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্যতহবিল হিসাব নম্বর খোলার আবেদন করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -১ শাখা হতে গত ০৩ মার্চ ২০২০ তারিখে ৩১৮নং স্মারকে নির্দেশনা রয়েছে। তিনি উক্ত কর্মচারীর নামে ভবিষ্য তহবিল খোলার জন্য সভায় আলোচনা করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের কর্মচারী জনাব মো: মোস্তাক মীর, গাড়ী চালক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর। তিনি উপজেলা পরিষদ কমূচালী (চাকুরী) বিধিমালা ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্যতহবিল হিসাব নম্বর খোলার আবেদন করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -১ শাখা হতে গত ০৩ মার্চ ২০২০ তারিখে ৩১৮নং স্মরকে নির্দেশনা অনুয়ায়ী ভবিষ্য তহবিল খোলার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ হাকিমপুর, দিনাজপুর |
| ৩৫ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলার কয়েকজন কর্মকর্তা অভিযোগ করেন যে, দীর্ঘদিন থেকে উপজেলার গুরুত্বপূর্ণ অফিসগুলোতে টেলিফোন লাইনের কোন সংযোগ না থাকায় সরকারি কার্যক্রম অসুবিধা হয়। অথচ টেলিফোন বিল নিয়মিত পরিশোধ করতে হয়। তাই জরুরী ভিত্তিতে উক্ত টেলিফোন লাইন মেরামত করার জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের সংশ্লিষ্ট অফিসগুলোতে টেলিফোন লাইনটি মেরামত করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, হাকিমপুর |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অমিত রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
হাকিমপুর, দিনাজপুর
www.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.২৭৪৭.০০০.০৫.০০১.১৯- ৯৭ (৫০) তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-
১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪. জেলা প্রশাসক, দিনাজপুর
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১. উপজেলা ....................................................কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর
২. চেয়ারম্যান...........................................(সকল) ইউ,পি, হাকিমপুর, দিনাজপুর

২৬/০৯/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর
ফোন-০৫৩২৯-৭৫০০৩
e-mail-unohakimpur@mopa.gov.bd

**পরিশিষ্ট-"ক"**

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২০. | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হাকিমপুর |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর | ২১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর |
| ৩. | প্রশাসক হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর | ২২. | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, হাকিমপুর, দিনাজপুর |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর | ২৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৪. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৫. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাকিমপুর |
| ৭. | অফিসার ইন-চার্জ, হাকিমপুর থানা, হাকিমপুর | ২৬. | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাকিমপুর |
| ৮. | উপজেলা মৎস্য অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৭. | উপজেলা পরিসংখ্যান, অফিসার, হাকিমপুর |
| ৯. | উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর | ২৮. | উপজেলা বন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর |
| ১০. | উপজেলা শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৯. | সহকারী সেটেলমেন্ট অফিসার, হাকিমপুর |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর | ৩০. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১২. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হাকিমপুর | ৩১. | তথ্য আপা কর্মকর্তা, হাকিমপুর |
| ১৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর | ৩২. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি (হাকিমপুর) এরিয়া, হাকিমপুর |
| ১৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ৩৩. | |
| ১৫. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ৩৪. | |
| ১৬. | সহকারী প্রোগ্রামার, (আইসিটি) হাকিমপুর, দিনাজপুর | ৩৫. | |
| ১৭ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, হাকিমপুর, দিনাজপুর | ৩৬. | |
| ১৮. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হাকিমপুর | ৩৭. | |
| ১৯. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | ৩৮. | |

**পরিশিষ্ট-"খ"**

**সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | | ৪. | |
| ২. | | ৫. | |
| ৩. | | ৬. | |